

শ্বাসতঃ শ্লোগান

ফিরোজ খান

আবহমান কালের যন্ত্রে আমি সেই বোতামটি খুঁজি
অঞ্জুলি স্পর্শে যা সময়কে ফিরিয়ে আনে
গতির উল্টো স্রোতে
তা কি হয়! তাই কি হয়েছে কখনো?
যদি হয় তবে ছুঁয়ে দিতে চাই সেই প্রাণবন্ত অধ্যায়টিকে
শুধু দেখতে চাই-
একটি জাতি কিসের মন্ত্রে জেগে উঠে
কার আহ্বানে এসে মিশে যায় এক মোহনায়
কোন অনুভূতির সাড়ায় যুদ্ধ করে
দেশ ও মানুষের তুরে।

কোন অলৌকিক পরশ কি ফিরিয়ে দেবে
হারানো সেদিন?

তবে ফিরে যেতে চাই বায়ান্ন থেকে একাত্তরে
উন্মাতাল সময়ের সাথে আর একবার করতে চাই মিতালী
যারা এখন নেই-
তারাও প্লাকার্ড হাতে দাঁড়াবে মিছিলে
শ্লোগানের মাতাল ভাষা খুঁজে পাবে পুরোনো রাজপথ
স্বাধীনতা-স্বাধীনতা মুক্তির প্রত্যাশাগুলো
ফেষ্টিন ব্যানার আর মানুষের সাথে মিশে হবে একাকার
তারপর আবার যুদ্ধ হবে.....
শব্দ তরঙ্গ ভেদ করে জেগে উঠবে মর্মভেদি গান
'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি....

আমি সেই সময়কে আর একবার ফিরে পেতে চাই
বিজয়ের মাস এলে কেন যেন এমনি অনাহুত প্রত্যাশা-
আমায় কুরে কুরে খায়
আমি বিশ্বয়ে তাকিয়ে দেখি, সময়ের পলির আস্তরণ
ভেদ করে
জেগে উঠে তরুণ কিশোর
মুষ্টিবন্ধ বাহু আকাশে উঁখিত করে বলে-
'অন্ন চাই- বস্ত্র চাই-বাঁচার মত বাঁচতে চাই....
তবে কি এ যুদ্ধ থামেনি?
হায়!
আর কত যুদ্ধ হবে বলো?....